ISO 9001:2015 (Certified)

# চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২
## রাউজান, চট্টগ্রাম।

web: www.pbs2.chittagong.gov.bd
e-mail: ctg2pbs@gmail.com

স্মারক নং-২৭.১২.১৫৭৪.৫২৯.০২.০০৮.২৬. ৩৪৮৫ তারিখঃ ০২ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ আগষ্ট ২০২৬ খ্রিস্টাব্দ

## "আন্তঃ পবিস পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"

চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ নিম্নবর্ণিত শুণ্য পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্তে সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং "পবিস কর্মচারী চাকুরী বিধি ১৯৯২ (সংশোধিত:২০১২)" অনুযায়ী বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মচারীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদেরনাম | পদ সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল প্রার্থীগণ আবেদন করতে পারবে না। |
|---|---|---|---|---|
| পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/ মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর | ০১ (এক) জন (কম/বেশী) | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) পবিসে ওয়্যারিং পরিদর্শক পদে কমপক্ষে ১০(দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/পাওয়ার ইঞ্জিনিয়ারিং ডিগ্রি প্রাপ্তদের ওয়্যারিং পরিদর্শক হিসেবে যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) কম্পিউটার পরিচালনায় অবশ্যই পারদর্শী হতে হবে।<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণ ও বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) সর্বশেষ ০৪ (চার) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।<br>ঙ) ওয়্যারিং করার মালামাল এবং প্রয়োজনীয় যন্ত্রাংশ সম্পর্কে জ্ঞান ও দক্ষতা থাকতে হবে।<br>চ) পবিসনির্দেশিকা৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>ছ) পদোন্নতির ক্ষেত্রে চট্টগ্রাম পবিস-২ চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) ও পবিস নির্দেশিকা প্রতিপালন করা হবে। | অত্র সমিতির ভৌগলিক এলাকার (রাউজান উপজেলা, রাঙ্গুনিয়া উপজেলা, ফটিকছড়ি উপজেলা ও হাটহাজারী উপজেলার মাদার্শা ইউনিয়ন এর দক্ষিণ বাড়িয়া ঘোনা, পশ্চিম বাড়িয়া ঘোনা, খলিফা ঘোনা) প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই। |

**০১। আবেদন করার নিয়মাবলীঃ**

(1) নিয়োগ লাভে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) যোগাযোগের বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) নিজ জেলা (ট) শিক্ষাগত যোগ্যতা (ঠ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ড) বর্তমান পদে যোগদান ও নিয়মিত করণের তারিখ শিক্ষাগত উল্লেখপূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুপারিশ সম্বলিত স্ব-হস্তে লিখিত আবেদনপত্রসহ (A-4 সাইজের কাগজে) আগামী ০৬-০৯-২০২৬ খ্রিঃ তারিখ রোজ রবিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/কুরিয়ার যোগে/হাতে হাতে চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, রাউজান, চট্টগ্রাম বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

(2) আবেদনকারী প্রার্থীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে বাপবিবো স্মারক নং-২৭.১২.০০০০.০০০.১১০.৫২.০০০২.২৬.৭০০, তারিখঃ ১২/০৪/২০২৬ খ্রিঃ এর নির্দেশনা অনুসরন করা হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত বর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের ফটোকপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রযোজ্য সকল প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের ফটোকপি।
(গ) বিগত ০৪ (চার) বছরের কর্মমূল্যায়নের ফটোকপি।
(ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।
(ঙ) জাতীয় পরিচয়পত্র ও হালনাগাদ নাগরিকত্ব সনদের ফটোকপি।
(চ) সদ্য তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।
(ছ) আবেদনকারীকে পদোন্নতির জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুস্পষ্ট সুপারিশ ও অনাপত্তির সনদপত্র, বিগত সর্বশেষ ০৫ (পাঁচ) বছরে র মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) বিস্তারিত উল্লেখ পূর্বক বর্তমানে কোন বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই এবং তিনি ইতিপূর্বে কতবার মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করেন তা উল্লেখ পূর্বক সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
(জ) সকল কাগজপত্র সহকারী জেনারেল ম্যানেজার (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(অঃপৃঃদ্রঃ)

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) কোনো কর্মচারীর উপর দন্ড আরোপ করা হলে তিনি তার দন্ড ভোগের মেয়াদ শেষে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১ (এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ বছর পদোন্নতির যোগ্য বিবেচিত হবেন না। (দন্ডাদেশ দন্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকলে উক্ত দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে উল্লেখিত সময়কাল গণনা শুরু হবে)।

(খ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত ঘোষিত হয়েছেন;

(গ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ বা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে;

(ঘ) প্রার্থীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে;

(ঙ) চট্টগ্রাম পবিস-২ এর ভৌগোলিক এলাকার প্রার্থী হলে;

**০৪। শর্তাবলীঃ**

(ক) সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। "চলতি দায়িত্ব" থাকাকালীন কর্মমূল্যায়ন সন্তোষজনক ও অন্যান্য প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশোধিত নির্দেশিকা ৩০০-২৪, ৩০০-৫১ অনুযায়ী অন্যান্য যোগ্যতা অর্জন স্বাপেক্ষে চাকুরী নিয়মিতকরণ করা যেতে পারে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্বতন পদে প্রত্যাবর্তন করানো হবে।

(খ) অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন আবেদনকারীগণের মধ্যে হতে জ্যেষ্ঠতা অনুসারে প্যানেল প্রস্তুত করা হবে।

(গ) সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ এবং বাপবিবো কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার অনুযায়ী বেতন ভাতাদি প্রদান করা হবে।

(ঘ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪, ১৫ ও ১৬ মোতাবেক চাকুরী বৃত্তান্ত সন্তোষজনক হতে হবে।

(ঙ) চট্টগ্রাম পবিস-২ এর কর্মকর্তা/কর্মচারী এবং পবিস বোর্ড পরিচালক ও মহিলা পরিচালকদের স্বামী/স্ত্রী এবং তাদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

(চ) তথ্য গোপন করে যদি কেউ নিয়োগপ্রাপ্ত হন তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

(ছ) নির্বাচিত সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(জ) পদোন্নতির ক্ষেত্রে বোর্ড বিভাগ সচিবালয়, বাপবিবো, স্মারক নং-২৭.১২.০০০০,০০০.৩১.৭০৮.২৫.২৪৬, তারিখঃ ০২/০১/২০২৫খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত দপ্তরাদেশ, পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২), সংশোধিত পবিস নির্দেশকা ৩০০-২৪ ও ৩০০-৫১ এর বিধি বিধান যথাযথভাবে প্রতিপালন করা হবে।

(ঝ) বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন অথবা প্রত্যাখান করতে পারবেন না।

(ঞ) শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন বিষয়ে জটিলতা সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(ট) যে কোন আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২৭/০৮/২৫

(মোঃ আলতাফ গওহার চৌধুরী)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃপঃ (দঃ অঃ)/মানব সম্পদ পরিদপ্তর, পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। } সদয় অবগতির জন্য
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম জোন, বাপবিবোর্ড, চট্টগ্রাম। } সদয় অবগতির জন্য
০৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------- পবিস-১/২/৩/৪
০৬। ডিজিএম, রাংগুনিয়া/নোয়াপাড়া/ফটিকছড়ি/আজাদীবাজার জোনাল অফিস/কারিগরী, চট্টগ্রাম পবিস-২।
০৭। এজিএম, অর্থ-হিসাব/এমএস/প্রশাসন/দাঁতমারা/ধামাইরহাট/নাজিরহাট সাব জোনাল অফিস, চট্টগ্রাম পবিস-২।
০৮। এজিএম (আইটি), চট্টগ্রাম পবিস-২ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশনা প্রদান করা হলো)।
০৮। নোটিশ বোর্ড, চট্টগ্রাম পবিস-২।
০৯। অফিস নথি।

২৭/০৮/২৫

(মোঃ আলতাফ গওহার চৌধুরী)
জেনারেল ম্যানেজার